# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫২৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ শুভ্র রেখা অদৃশ্য হওয়া পর্যন্ত ইশার সালাতকে বিলম্ব করা মুস্তাহাব

## ذِكْرُ مَا يُستحب لِلْمَرْءِ أَنْ يُؤَخِّرَ صَلَاةَ الْعِشَاءِ الْآخِرَةِ إِلَى غَيْبُوبَةِ بَيَاضِ الشَّفَقِ

আরবী

1524 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ عَنْ حَبِيبِ بْنِ سَالِمٍ: عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ: أَنَا أَعْلَمُ النَّاسِ بِوَقْتِ هَذِهِ الصَّلَاةِ ـ يَعْنِي الْعِشَاءَ ـ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّيهَا لسقوط القمر لثالثة.

الراوي : النُّعْمَان بْن بَشِيرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1524 | خلاصة حكم المحدث : صحيح.

বাংলা

১৫২৪. নু‘মান বিন বাশীর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি তোমাদের মাঝে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এই সালাতের (অর্থাৎ ইশার সালাতের) সময় সম্পর্কে সবচেয়ে বেশি অবগত। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইশার সালাত তৃতীয় দিনের চাঁদ ডুবে যাওয়ার সময় আদায় করতেন।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ৭৯৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৩০; মুসনাদ আহমাদ: ৪/২৭০; হাকিম: ১/১৯৪; নাসাঈ: ১/২৬৪; আবূ দাঊদ: ৪১৯; তিরমিযী: ১৬৫; দারেমী: ১/২৭৫; দারাকুতনী: ১/২৬৯; সুনান বাইহাকী: ১/৪৪৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নু’মান ইবনু বশীর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90839

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন